মধ্যপ্রাচ্যে নিজেদের লক্ষ্য অর্জনে ব্যর্থ যুক্তরাষ্ট্র-ইসরাইল: ইরান



ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যের রাজনৈতিক ও সামাজিক পরিস্থিতি নিজেদের স্বার্থে বদলাতে গিয়ে যুক্তরাষ্ট্র ও ইসরাইল নিজেরাই নতুন চ্যালেঞ্জের মুখে পড়ছে বলে মন্তব্য করেছেন ইরানের বাসিজ বাহিনীর প্রধান হোসেইন তাইয়েব।

বৃহস্পতিবার (৫ নভেম্বর) তেহরানে ১৯তম আন্তর্জাতিক রেজিস্ট্যান্স চলচ্চিত্র উৎসবের সমাপনী অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন। ইরানের সংবাদমাধ্যম মাশরেঘ নিউজের এক প্রতিবেদনে তাঁর বক্তব্য প্রকাশ করা হয়েছে।

ফার্সের বরাতে তাইয়েব বলেন, যুক্তরাষ্ট্র ও ইসরাইলের ভেতরেও পরিবর্তন শুরু হয়েছে। শিগগিরই বিভিন্ন ক্ষেত্রে এর প্রভাব দেখা যাবে।

বিশ্বজুড়ে মার্কিন জীবনধারা ছড়িয়ে দেওয়ার ওয়াশিংটনের প্রচেষ্টা এখন নিজ দেশেই বিরোধিতার মুখে পড়ছে বলে উল্লেখ করেন তিনি। যুদ্ধ এবং বেসামরিক নাগরিকদের ওপর হামলার প্রতিবাদে যুক্তরাষ্ট্রের শিক্ষার্থী, শিক্ষাবিদ ও শিল্পীদের আন্দোলন সেই বিরোধিতারই প্রতিফলন বলে মন্তব্য করেন তাইয়েব।

বিদেশে সামরিক অভিযানে বিপুল অর্থ ব্যয়ের বিষয়টিও এখন মার্কিন নাগরিকদের মধ্যে প্রশ্ন তৈরি করছে বলে জানান তিনি। দীর্ঘদিনের যুদ্ধ নিয়ে সাধারণ মানুষের অনাগ্রহ ও ক্লান্তিও বাড়ছে বলে তাঁর বক্তব্যে উঠে আসে।

তাইয়েবের মতে, মধ্যপ্রাচ্যে নিজেদের প্রভাব বাড়ানো এবং অঞ্চলটির রাজনৈতিক ও সামাজিক কাঠামো পরিবর্তনে যুক্তরাষ্ট্রের উদ্যোগ প্রত্যাশিত ফল আনতে পারেনি। এর পরিবর্তে যুক্তরাষ্ট্র ও ইসরাইলকেই অভ্যন্তরীণ নানা চাপের মুখে পড়তে হচ্ছে।

তথ্যসূত্র: আলজাজিরা